দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলে শিক্ষার মানোন্নয়নে মতবিনিময় সভা

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলে সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ, ধর্মীয় উগ্রাবাদ ও জঙ্গিবাদ মোকাবেলা নারী- শিশুর প্রতি সহিংসতা রোধ, শিক্ষার মানোন্নয়ন মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে স্কুল প্রাঙ্গনে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন বলেন, সন্ত্রাস জঙ্গিবাদ নিমূলে সকলকে সজাগ থাকতে হবে। দেশের উন্নয়নে বড় বাধাঁ অশিক্ষা, তাই সুশিক্ষিত হয়ে সকলে মিলে দেশের উন্নয়নে কাজ করতে হবে।

অনুষ্ঠানের শুরুর পবিত্র কোরআন তেলোয়াত করেন স্কুলটির ধর্মীয় শিক্ষক মো নাজমুল সাদাত। স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাশ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল মতিন, দামুড়হুদা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের সহকারী শিক্ষক শফিকুল ইসলাম।

গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নে মতবিনিময় সভা

মাদক, বাল্যবিবাহ প্রতিরোধ ও শিক্ষার মানোন্নয়নে মত বিনিময় সভা গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয় হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) দুপুর ১২ টার সময় বিদ্যালয়ের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানার সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মাহফুজুল হোসেন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার

স্বাগত বক্তব্য রাখেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন। বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও স্কুলের ছাত্র ছাত্রী বৃন্দি উপস্থিত ছিলেন।